29 সেপ্টেম্বর, 2020

প্রিয় পরিবারবর্গ,

আমাদের স্কুল বিল্ডিংগুলোতে আপনাদের স্বাগত জানাতে আমরা অত্যন্ত উদ্দীপ্ত। আমরা যখন নতুন শিক্ষা বছর শুরু করছি, আমাদের শিক্ষার্থী ও স্টাফদের স্বাস্থ্য ও সুরক্ষা আমাদের সর্বোচ্চ উদ্বেগের বিষয়। এজন্য এই বছর আমাদের স্কুল বিল্ডিংয়ের অনেক কিছু দেখতে ভিন্ন হবে, এতে রয়েছে নাক-মুখের মুখোশ, পারস্পরিক দূরত্ব বজায় রাখা, প্রতি রাতে প্রতিটি স্কুলের প্রতিটি শ্রেণীকক্ষ জীবাণুমুক্ত রাখা। আমাদের স্কুলগুলোকে নিরাপদ রাখতে, আমাদের শিক্ষার্থী ও স্টাফদের সুস্থ রাখতে, এবং আপনার সন্তানের সশরীরে শিক্ষা গ্রহণে জন্য আপনাদের সন্তানদের যেন আত্মবিশ্বাসের সাথে পাঠাতে পারেন সেজন্য আমরা এই পদক্ষেপগুলো গ্রহণ করছি।

আমাদের স্বাস্থ্য ও সুরক্ষার অন্য একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনাদের সহায়তা চাইতে আজ আমরা লিখছি, সেটি হচ্ছে: আমাদের শিক্ষার্থী ও স্টাফদের COVID-19-এর জন্য পরীক্ষা বা টেস্টিং করা। স্কুল বিল্ডিং বিল্ডিং খোলা নির্ভর করে আমাদের সকলকে সচেতন থাকতে এবং আমাদের বিল্ডিংগুলোতে COVID-19 মোকাবিলা করতে তাৎক্ষণিক পদক্ষেপ গ্রহণে সহায়তা করা। সেজন্য NYC DOE শিক্ষার্থী ও স্টাফদের COVID-19 সংক্রমণ পরীক্ষা বা টেস্টিং আয়োজন করতে আমরা NYC হেলথ্ + হসপিটালস্, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ হেলথ্ অ্যান্ড মেন্টাল হাইজিন, এবং NYC টেস্ট অ্যান্ড ট্রেইস কর্পস্-এর সাথে অংশীদারিত্ব করেছি।

আমাদের টেস্টিং অংশীদারগণ স্কুল থেকে একটি নির্বিচারে বাছাইকৃত স্টাফ এবং শিক্ষার্থী দলকে প্রতি মাস পরীক্ষা বা টেস্ট করবে। প্রতি মাসে কতজন শিক্ষার্থী ও স্টাফকে পরীক্ষা করা হবে তা নির্ভর করে স্কুলের শিক্ষার্থী সংখ্যার উপর। প্রতি মাসে নির্বিচার টেস্টিংয়ের পাশাপাশি, এই বছরের পরবর্তী এক সময় যেসব শিক্ষার্থীর COVID-19 উপসর্গ দেখা যাবে, অথবা যার পরীক্ষার ফলাফল পজিটিভ এসেছে তার নিকট সংস্পর্শে যারা এসেছে তাদের জন্য স্কুলের অভ্যন্তরে পরীক্ষা বা টেস্টিং অফার করার জন্য কঠোর পরিশ্রম করছি। পরীক্ষা বা টেস্টটি সহজ, দ্রুত, এবং নিরাপদ। "লম্বা সোয়াব" যেটা নাকের একেবারে অভ্যন্তরে প্রবেশ করানো হয় সেটার পরিবর্তে, এই পরীক্ষাটি দ্রুত, ছোট সোয়াব (কিউ-টিপ/Q-Tip -এর মত) শুধু নাকের সম্মুখ অংশে প্রবেশ করানো হয়। এই স্কুল বছরের পরবর্তী এক সময়, অল্প পরিমাণ মুখের লালা সংগ্রহ করে পরীক্ষা করা সম্ভব হতে পারে।

আপনার সন্তানের COVID-19 পরীক্ষার করতে, আমাদের আপনার সম্মতি প্রয়োজন। সংযুক্ত সম্মতির ফর্মটি যত শীঘ্রই সম্ভব স্বাক্ষর করে ফেরত দেয়ার জন্য আমরা আপনাকে দৃঢ়ভাবে উৎসাহিত করছি।

নির্বিচারে বাছাই করে স্টাফ ও শিক্ষার্থীদের মাসিক পরীক্ষা আমাদের বিল্ডিংগুলোতে COVID-19 সংক্রমণ রোধ করার প্রয়াশের একটি গুরুত্বপূর্ণ অংশ, কারণ এটা যখন কোনো উপসর্গ দেখা যাচ্ছে না সেই অবস্থায় COVID-19-এর পজিটিভ কিনা তা শনাক্ত করতে সহায়তা করে। স্বাস্থ্য ও সুরক্ষার অন্যান্য পদক্ষেপগুলোর মতই আমরা আমাদের স্টাফ ও শিক্ষার্থীদের নিরাপদ রাখা আবশ্যক করেছি, এই পরীক্ষা বা টেস্টিংয়ের উদ্যোগের সফলতা নির্ভর করে স্টাফ ও শিক্ষার্থীদের অংশীদারিত্ব ও সহযোগিতার উপর।

যদিও পরীক্ষা বা টেস্টিংয়ের সম্মতি বাধ্যতামূলক নয়, আমাদের বিল্ডিংগুলোতে COVID-19-এর প্রাদুর্ভাব শনাক্ত করতে এবং স্কুল বিল্ডিংগুলোতে সশরীরে শিক্ষা গ্রহণের সময় স্কুল কমিউনিটিকে নিরাপদ রাখা নিশ্চিত করার জন্য আমাদের টেস্টিংয়ের অংশীদারদের যথেষ্ট সংখ্যক পরীক্ষণ ব্যক্তি (স্যাম্পল সাইজ) প্রদান করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমাদের স্কুল কমিউনিটির নিরাপত্তার জন্য, যেসব শিক্ষার্থী সম্মতির ফর্মটি জমা দেবে না তারা দূর থেকে বা রিমোটলি লেখাপড়া করবে, যদিনা আমরা যথেষ্ট সংখ্যক শিক্ষার্থী ফর্ম জমা না দেয়।

আমরা আপনাকে নিশ্চিত করতে চাই যে যদি আপনার সন্তানকে পরীক্ষা বা টেস্টিংয়ের জন্য বাছাই করা হয় কিন্তু সে পরীক্ষা গ্রহণে অসক্ষম কিংবা অস্বস্তি বোধ করে, তাহলে আমরা আপনার যেকোনো উদ্বেগ নিয়ে কাজ করবো যেন ভবিষ্যৎ টেস্টিংয়ে তারা অংশগ্রহণ করতে পারে। প্রশিক্ষণপ্রাপ্ত পরীক্ষক বা টেস্টারদের পরিচালনায় শিক্ষার্থীদের জন্য আমরা এটা সংক্ষিপ্ত ও মৃদু অভিজ্ঞতা হবার জন্য মনোনিবেশ করছি।

যদি আপনার সন্তানকে পরীক্ষা করাë হয়, তাকে কোথায় ও কীভাবে পরীক্ষা করা হয়েছে এবং কীভাবে সেটার ফলাফল আপনি পাবেন তা আমরা আপনাকে অবহিত করবো, সেটা সাধারণত 48-72 ঘন্টার মধ্যে প্রদান করা হবে।

আমি জানি আপনার সম্ভবত বিভিন্ন প্রশ্ন রয়েছে, সেজন্য আমরা আরো তথ্য প্রদানের জন্য বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী সংক্রান্ত ডক্যুমেন্টটি সংযুক্ত করছি। দয়া করে এটা আপনার সন্তানের সাথে পর্যালোচনা করুন।

স্কুলগুলোতে পরীক্ষা বা টেস্টিং শুরু হবে অক্টোবর মাসে। কোনো প্রশ্ন অথবা উদ্বেগ থাকলে আপনার স্কুল সাথে যেকোনো সময় যোগাযোগ করতে পারেন।

আমাদের স্কুল কমিউনিটিকে নিরাপদ ও সুস্থ রাখতে আপনার অংশীদারিত্ব ও অঙ্গীকারের প্রতি আমরা গভীরভাবে কৃতজ্ঞ।

বিনীত,



ডেইভ এ. চোক্সি (Dave A. Chokshi), MD, MSc
কমিশনার, NYC ডিপার্টমেন্ট অভ হেলথ্ অ্যান্ড মেন্টাল হাইজিন

টেড লং (Ted Long), MD, MHS
এক্সিকিউটিভ ডিরেক্টর, NYC টেস্ট অ্যান্ড ট্রেইস কর্পস্

রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)
চ্যান্সেলর, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন

স্কুলের অভ্যন্তরে COVID-19 পরীক্ষা বা টেস্টিং করা সম্পর্কে আমাদের কী জানা প্রয়োজন

এখানে কিছু বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী দেয়া হলো:

পরিবারদের কাছ থেকে সম্মতি

আমার সন্তানকে আমি সম্মতি না দিলে কী হবে?

সশরীরে শিক্ষা গ্রহণকারী সকল শিক্ষার্থীর পরিবারদের সম্মতি প্রদান করতে আমরা দৃঢ়ভাবে উৎসাহিত করছি। যত বেশি সংখ্যক শিক্ষার্থী অংশগ্রহণ করবে, আমাদের স্কুল কমিউনিটিতে COVID-19 সংক্রমণ পর্যবেক্ষণ করতে আমাদের ভালোভাবে সক্ষম করবে। এই পরীক্ষণ বা টেস্টিং আপনার সন্তান ও আপনার সন্তানের স্কুল কমিউনিটিকে নিরাপদ ও সুস্থ রাখতে, এবং স্কুল বিল্ডিংগুলো খোলা রাখা নিশ্চিত করতে ও সশরীরে শিক্ষা অব্যাহত রাখতে অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আপনার ও আপনার সন্তানের সবসময়ই পরীক্ষণ বা টেস্টিং প্রত্যাখ্যান করার অধিকার আছে। যেসব পরিবার সম্মতি প্রদান করবে না তাদের হয়ত শুধু দূর থেকে শিক্ষায় (রিমোট) অংশগ্রহণ করার আবশ্যক হতে পারে।

আমার সম্মতি কতদিন কার্যকর থাকবে?

আপনার সম্মতি 30 সেপ্টেম্বর, 2021 তারিখ পর্যন্ত বলবৎ থাকবে। কিন্তু, আপনি যেকোনো সময় এই সম্মতি প্রত্যাহার করতে পারেন।

আমি কীভাবে সম্মতি প্রত্যাহার করতে পারি?

আপনার সন্তানের স্কুলে লিখিতভাবে জানিয়ে দিন। আপনার স্কুল এই অসম্মতিগুলো গ্রহণ করার জন্য একজনকে নিয়োগ করবে।

পরীক্ষণ বা টেস্টিং প্রক্রিয়া

সকল শিক্ষার্থীকে পরীক্ষা করা হবে কি?
মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিংয়ে অংশগ্রহণকারী 1-12 গ্রেডের সকল ডিস্ট্রিক্ট স্কুল শিক্ষার্থীকে নির্বিচার ভাবে অন্তর্ভুক্ত করা হতে পারে।

আমরা সন্তানকে কে পরীক্ষণ বা টেস্টিং করবেন?
একজন প্রশিক্ষিত ব্যক্তি এই পরীক্ষা পরিচালনা করা হবে। পরীক্ষণ বা টেস্টিং প্রদান করতে অনেকের মাঝে রয়েছে স্কুল নার্সগণ, সিটি স্টাফ, এবং আমাদের অংশীদারগণ: SOMOS, বায়ো রেফারেন্স ল্যাবরেটরি (Bio Reference Laboratory), এবং ফালজেন্ট জেনেটিক্স (Fulgent Genetics)।

এই পরীক্ষণ বা টেস্টিং কীভাবে পরিচালিত হবে?
প্রতি মাসে একবার, এই প্রদানকারীগণ আপনার সন্তানের স্কুলে আসবে এবং শিক্ষার্থী ও স্টাফদের মধ্য থেকে নির্বিচারে বাছাই করে ঐ দিন পরীক্ষণ পরিচালনা করবে। পরীক্ষণ প্রদানকারী স্কুলের অভ্যন্তরে একটি স্থান নির্ধারণ করবে। স্কুলের স্টাফ অথবা পরীক্ষণ বা টেস্টিং দল যথাযথ ক্লাসরুম পরিদর্শন করবেন এবং কিছু শিক্ষার্থীকে ঐ দিন পরীক্ষা করার জন্য বেছে নেবেন; ঐ শিক্ষার্থীদের পরীক্ষা গ্রহণ করার স্থানে নিয়ে যাওয়া হবে, দ্রুত পরীক্ষা করা হবে, এবং এরপর ক্লাসরুমে নিয়ে আসা হবে।

কোন্ পরীক্ষা বা টেস্ট ব্যবহার করা হবে? এটা কি বেদনাদায়ক?
পরীক্ষাটি একটি "ছোট সোয়াব" (কিউ-টিপ/Q-tip -এর মত দেখতে) ব্যবহার করবে যা নাকের সম্মুখ অংশে পাঁচ থেকে দশ সেকেন্ডের জন্য প্রবেশ করানো হবে। আমরা বুঝি যে কিছু শিক্ষার্থী এই পরীক্ষণ বা টেস্টিংয়ে সন্ত্রস্ত বোধ করতে পারে, কিন্ত পরীক্ষাটি বেদনাদায়ক নয় এবং আপনার সন্তানের জন্য অস্বস্তিকর হবে না। পরীক্ষাটি শুরু থেকে শেষ পর্যন্ত পাঁচ মিনিটের বেশি সময় লাগবে না।

সকল পরীক্ষা কি একজন প্রশিক্ষিত পরীক্ষক বা টেস্টার দিয়ে করানো হবে, নাকি কিছু শিক্ষার্থী নিজে এই পরীক্ষা পরিচালনা করতে পারবে?
কিছু টেস্ট কিট আছে যেগুলো নিজে-পরিচালনা করা যায়। নিজে-পরিচালনা করার অর্থ হচ্ছে আপনি নিজে কিট-টি খুলবেন এবং নির্দেশনা অনুসরণ করে একটি ছোট সোয়াব (কিউ-টিপ/Q-tip -এর মত) নাকের ফুটোর সম্মুখভাগে প্রবেশ করাবেন। যেই স্কুলে এই কিটগুলো রয়েছে,

সেখানে কোনো প্রশিক্ষিত প্রদানকারী কিংবা স্কুল স্টাফ সদস্যের তদারকিতে কিছু অপেক্ষাকৃত বড় শিক্ষার্থীরা হয়ত তারা চাইলে তাদের পরীক্ষা নিজে-পরিচালনা করতে সক্ষম হবে।

শিক্ষার্থীদের পরীক্ষণ স্থানে কি দলবদ্ধভাবে নাকি একজন-একজন করে নিয়ে যাওয়া হবে? পরীক্ষণের জন্য অপেক্ষা করার স্থানে কি একজনের বেশি শিক্ষার্থী অপেক্ষা করবে?
শিক্ষার্থীদের তাদের ক্লাসের/পডের অন্য যাদের পরীক্ষা করা হচ্ছে তাদের সাথে একযোগে নিয়ে যাওয়া হবে। পারস্পরিক দূরত্ব সবসময় বজায় রাখা হবে। নাক-মুখের মুখোশ সবসময় পড়তে হবে, শুধুমাত্র সংক্ষিপ্ত সময় ব্যতীত যখন কোনো শিক্ষার্থীর আবরণ অপসারণ করা হবে পরীক্ষার নমুনা সংগ্রহ করার জন্য।

পরীক্ষার জন্য পিতামাতা কি ছেলেমেয়েদের সাথে যেতে পারে?
দুঃখজনকভাবে, না। ক্লাসরুম পডগুলো বজায় রাখতে এবং COVID-19 সংক্রমণ বিল্ডিংয়ে প্রবেশ হ্রাস করার জন্য, পিতামাতারা তাদের ছেলেমেয়েদের সাথে পরীক্ষণের সময় সঙ্গ দিতে সক্ষম হবেন না। আমরা বুঝি যে এতে ভয় লাগতে পারে, বিশেষত ছোট্র ছেলেমেয়েদের ক্ষেত্রে। আমাদের প্রশিক্ষিত স্টাফরা টেস্টিং দ্রুত, মৃদুভাবে, এবং সকল ছেলেমেয়েদের জন্য একটি ইতিবাচক পরিবেশে পরীক্ষণ বা টেস্টিং পরিচালনা করবেন।

পরীক্ষণ বা টেস্টিং প্রক্রিয়া কতক্ষণ লাগতে পারে বলে প্রত্যাশিত?
কটন সোয়াব নাকের অভ্যন্তরে পাঁচ থেকে দশ সেকেন্ড, অতএব শিক্ষার্থীদের পরীক্ষাটি বোঝানো এবং এরপর সোয়াবিং করার পুরো প্রক্রিয়াটি সাধারণত মাত্র কয়েক মিনিট লাগবে।

আমার সন্তান কতক্ষণ ক্লাসের বাহিরে থাকবে?
টেস্টিং বেশীক্ষণ লাগবে না। আমরা কোনো শিক্ষার্থী ক্লাস থেকে নিয়ে যাওয়া থেকে ক্লাসে ফেরত নিয়ে আসা পর্যন্ত পুরো ব্যাপারটির জন্য 15-30 মিনিটের বেশি সময় লাগবে বলে আমরা প্রত্যাশা করি না।

আমার সন্তান ইংরেজিতে কথা বলতে সাচ্ছন্দ্য বোধ করে না। মাল্টিলিংগুয়াল লার্নার্স বা বহু ভাষার শিক্ষার্থীদের এই প্রক্রিয়ার জন্য দোভাষী কি লভ্য থাকবে? যদি হয়, সেটা কীভাবে ব্যবস্থা করা হবে?
প্রত্যেক পরীক্ষণ বা টেস্টিং অংশীদারগণ তাদের পরিষেবা শিক্ষার্থীদের পছন্দের ভাষায় কীভাবে প্রদান করবে সেবিষয়ে তাদের নীতিমালা ও কার্যপ্রণালী থাকবে। যদি আপনার কোনো সুনির্দিষ্ট উদ্বেগ থাকে তাহলে অনুগ্রহ করে আপনার প্রিন্সিপ্যালের সাথে যোগাযোগ করুন।

আপনার সন্তানকে তাদের প্রমাণিত বা ডক্যুমেন্টকৃত প্রতিবন্ধিতার জন্য যদি পরীক্ষণ করা না যায়?
যদি আপনার সন্তানের একটি প্রমাণিত বা ডক্যুমেন্টকৃত প্রতিবন্ধিতা থাকে এবং ঐ প্রতিবন্ধকতার কারণে পরীক্ষণ বা টেস্টিং আপনার সন্তানের মানসিক কিংবা শারীরিক স্বাস্থ্যের জন্য ক্ষতিকারক হয়, তাহলে কীভাবে এবিষয়ে অগ্রসর হতে হবে তা নিয়ে আলোচনা করতে আপনার স্কুলের সাথে যোগাযোগ করুন।

যদি আমি অন্য কোথাও পরীক্ষা করিয়ে থাকি, তাহলে আমি কি ঐ ফলাফলটি শেয়ার করতে পারি এবং স্কুলের বাধ্যতামূলক পরীক্ষণ বা টেস্টিং থেকে অব্যাহত পেতে পারি?
না। প্রতিটি স্কুলের শিক্ষার্থীর জনমিতি সঠিকভাবে বুঝতে, কোনো একটি দিনে এই প্রোগ্রামের পরীক্ষণ বা টেস্টিং অবশ্যই পরিচালনা করতে হবে, ঐ স্কুল বিল্ডিংয়ে, এবং একজন প্রদানকারীদের দ্বারা। যদি আপনার সন্তানকে অন্যত্র কোথাও পরীক্ষা করা হয় এবং তার পরীক্ষার ফলাফল পজিটিভ হয়ে থাকে তাহলে আপনাকে অবশ্যই আপনার সন্তানকে বাড়িতে রাখতে হবে এবং আপনার প্রিন্সিপ্যালকে টেস্টের ফলাফল অবহিত করতে হবে। কিন্তু, কোনো বাহ্যিক পরীক্ষা বা টেস্ট মাসিক জরিপে গণনা করা হবে না।

আমার সন্তানকে কত ঘন ঘন পরীক্ষা করা হবে?
প্রতিটি স্কুলে টেস্টিং প্রতি মাসে একবার করা হবে। আপনার সন্তানকে প্রতিমাসে একবারের বেশি পরীক্ষা করা হবে না যদিনা তার মাঝে COVID-19 -এর উপসর্গ দেখা যায় অথবা যার COVID-19 পরীক্ষার ফলাফল পজিটিভ এসেছে এমন কারো কাছাকাছি এসেছে। কিছু ছেলেমেয়েকে হয়ত মাসিক পরীক্ষণ বা টেস্টিংয়ের জন্য শিক্ষা বছর চলাকালে একবারের বেশি বেছে নেয়া হতে পারে।

আমার সন্তানকে পরীক্ষণ বা টেস্টিংয়ের জন্য বেছে নেয়া হয়েছে কিনা তা আমি কখন/কীভাবে জানতে পারবো?

আপনার স্কুলে পরীক্ষণের জন্য সময়সূচি করার দুইদিন আগে আপনার স্কুল আপনাকে অবহিত করবে। সম্মতি দেয়ার ফলে, আপনার সন্তান পরীক্ষণের দিন নির্বিচার স্যাম্পলের অন্তর্ভুক্ত হতে পারে। যদি আপনার সন্তানকে পরীক্ষা করা হয়, এরপর স্কুল ঐ দিন আপনাকে অবহিত করবে।

পরীক্ষণ বা টেস্টিংয়ের জন্য আমার সন্তানকে প্রস্তুত করতে আমি সহায়তা করতে পারি (বিশেষত অপেক্ষাকৃত ছোট ছেলেমেয়েদের ক্ষেত্রে)?

আপনার সন্তানের সাথে আপনার কথা বলা উচিত। আমরা আপনাদের বলতে উৎসাহিত করছি যে ডাক্তার, নার্স, এবং অন্যান্য স্বাস্থ্যসেবা প্রদানকারীদের নিশ্চিত করা প্রয়োজন যে তারা সুস্থ আছে, সুতরাং তারা নাকে সম্মুখভাগে একটি ছোট তুলার সোয়াব প্রবেশ করিয়ে ভাইরাসের জন্য পরীক্ষা করবে। আপনার সন্তানকে মনে করিয়ে দিন যে স্কুল এই পরীক্ষণ করায় কোনো সমস্যা নেই, এবং এটা দ্রুত, নিরাপদ, এবং মৃদু।

স্টাফদের পরীক্ষণ বা টেস্ট করা হবে কি?

হ্যাঁ, আমরা স্কুল বিল্ডিংয়ের সকল স্টাফ ও শিক্ষার্থীদের এই টেস্টিং প্রোগ্রামে অংশগ্রহণ করতে আহ্বান জানাচ্ছি।

পরীক্ষার ফলাফলসমূহ

এই ফলাফলগুলো কখন পাওয়া যাবে?

নমুনা বা স্যাম্পল নেয়ার 48-72 ঘন্টা পর ফলাফল পাওয়া যাবে।

আমার সন্তানের ফলাফল আমি কখন পাবো?

বেশীরভাগ ক্ষেত্রে, পিতামাতা/অভিভাবকগণ নমুনা ল্যাবরেটরিতে পৌঁছার পর ফলাফল পেতে 48 ঘন্টার বেশি লাগবে না। আপনার সন্তানের ফলাফল পেতে আপনি একটি অনলাইন পোর্টালে লগ ইন করতে সক্ষম হবেন। যদি আপনার সন্তানের ফলাফলে পজিটিভ হয়ে থাকে, তাহলে যে প্রদানকারী পরীক্ষণ বা টেস্টিং করছে তাদের কাছ থেকে একটি ফোন কলও পাবেন।

যদি আমার সন্তানের পরীক্ষার ফলাফল পজিটিভ হয়, তাহলে কী হবে?

আপনার সন্তানকে স্কুলে না এনে বাড়িতে রাখা এবং তার ডাক্তারের সাথে যোগাযোগ করা উচিত। অতিরিক্তভাবে, টেস্ট অ্যান্ড ট্রেইস কর্পস্ সংস্থান বা রিসোর্স প্রদান করতে, আপনার সহায়তা প্রয়োজন হলে সেবা পাবার জন্য যোগাযোগের তথ্য প্রদান, এবং আপনার সন্তান ও বাড়ির অন্য সদস্যদের কিভাবে নিরাপদ রাখা যাবে সেবিষয়ে আলোচনা করতে, আপনার পরিবারের সাথে যোগাযোগ করবে। স্কুল কমিউনিটির অন্য সদস্যদের সুরক্ষা দিতে পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করতে স্কুলকেও অবহিত করা হবে। টেস্ট অ্যান্ড ট্রেইস কর্পস্ আপনার পরিবারকে রিসোর্স প্রদান করবে এবং আপনার পরিবারের উপসর্গগুলো 10 থেকে 14 দিন পর্যবেক্ষণ করবে।

একটি স্কুলের পরীক্ষণ বা টেস্টিংয়ের সামগ্রিক ফলাফল স্কুল কমিউনিটির সাথে শেয়ার করা হবে?

হ্যাঁ, কিন্তু যেসব ছেলেমেয়ে অথবা স্টাফের পরীক্ষার ফলাফল পজিটিভ হবে তাদের নাম কিংবা অন্যান্য পরিচয় সংক্রান্ত তথ্য প্রকাশ করা হবে না।

আমার সন্তানের ব্যক্তিগত তথ্য গোপণ রাখার বিষয়টি DOE/সিটি নিশ্চিত করবে কি?

স্কুলের অভ্যন্তরে পরীক্ষণ বা টেস্টিং সংক্রান্ত যেকোনো তথ্য গোপনীয় এবং নিউ ইয়র্ক সিটির স্বাস্থ্য বিধি এবং স্থানীয়, স্টেট, ও ফেডারেল আইনের অধীনে সুরক্ষিত। আমরা তথ্য নিরাপদে সংরক্ষণ করবো, এবং শুধুমাত্র DOE এবং সিটি স্টাফগণ নাম ও অন্যান্য ব্যক্তিগত তথ্য দ্বারা পরীক্ষার ফলাফলসমূহ দেখতে পাবে।

পরীক্ষার ফলাফলসমূহ কোথায় সংরক্ষণ করা হবে?

ফলাফল দুই স্থানে প্রেরণ করা হবে: স্টেট ও সিটির ডিপার্টমেন্ট অভ হেলথ্, যেখানে সকল সংক্রামক রোগের ফলাফল প্রেরণ করা হয়; এবং আমরা যেন আমাদের সকল শিক্ষার্থী, স্টাফ, এবং পরিবারের সদস্যদের সুরক্ষা দিতে, টেস্ট অ্যান্ড ট্রেইস কর্পস্ ও সিটির সংশ্লিষ্ট স্টাফদের কাছে যেন ক্লাসরুম কিংবা স্কুল ভবন বন্ধ করতে এবং প্রয়োজন অনুযায়ী সংস্পর্শ অনুসরণে সহায়তা করা যায়। এই প্রতিষ্ঠানগুলো কঠোর গোপণীয়তার নিয়ম-নীতি অধীনে কাজ করে।